ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 64 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২২০ ● কলকাতা ● ২৭ শ্রাবণ, ১৪৩২ ● বুধবার ● ১৩ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 27

## হিমালয়ের সমর্পণ যোগ



কেউই নিজের প্রাপ্ত শক্তিকে সংগ্রহ করে নিজের কাছে সীমিত রাখে না, সর্বদা প্রাপ্ত শক্তিকে অন্যদের বিতরণ করার কাজ করে। ঠিক এইভাবে, না। লবন কমই ছিল, বভাল ছন এবং লাগত বাহানায় তিনি কি কেবল তাঁর এক সাধকের শুধু মাধ্যম রূপে কাজ করতে হবে।

পরমাত্মারূপী গাছের সঙ্গে জুড়ে থাকার জন্য জীবনে যা কিছু জ্ঞান মিলেছে, ঐ জ্ঞান নিজের সম্পূর্ণ ক্ষমতা দিয়ে গ্রহণ করতে হবে এবং সম্পূর্ণ গ্রহণ করে অনাদের বিলিয়ে দিতে হবে। কারণ যে জ্ঞান মিলেছে তা বিতরণের জনাই মিলেছে। জ্ঞান সর্বদা বিতরণের জন্যই হয়। জ্ঞান বিতরণেই জ্ঞান গ্রহণ করবার সার্থকতা।

ক্রমশঃ

# কমিশন-রাজ্য সংঘাত তুঙ্গে

স্টাফ রিপোর্টার, রোজদিন




সংঘাত আরও তীব্র হচ্ছে! নির্দেশ কেন মানা হয়নি? সাসপেনশন বিতর্কে এবার রাজ্যের মুখ্যসচিবকে দিল্লিতে তলব করল নির্বাচন কমিশন। কবে? আগামীকাল, বুধবার বিকেল পাঁচটায়।এর আগে, ঝাড়গ্রামে সভা থেকে সাসপেনশন বিতর্কে কমিশনকে নিশানা করেছিলেন মুখ্যমন্ত্রী। বলেছিলেন, 'সরকারি দফতরের নাম করে ভয় দেখানো হচ্ছে। আমার দু'জন অফিসারকে নোটিশ পাঠানো হয়েছে। সাসপেন্ড করা হল। কোন আইনে বলে তুমি নোটিশ পাঠিয়ে দিচ্ছ। অফিসারদের ভয় দেখাচ্ছে, পুলিসকে ভয় দেখাচ্ছ'। সঙ্গে হুঁশিয়ারি, 'আমি কারও পানিশমেন্ট হতে দেব না। এটা মাথায় রাখবেন'।বছরে ঘুরলেই বিধানসভা ভোট। ছাব্বিশের আগে 'অস্তিত্বহীন

এরপর ৩ পাতায়






# বাঁকুড়ায় তৃণমূল নেতা 'খুনে' গ্রেপ্তার ২



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**বিষ্ণুপুর:** তৃণমূল নেতা, কনভেনর সেকেন্দার খানের 'খুনে'র ঘটনায় গ্রেপ্তার ২। ধৃত দু'জনের নাম ইব্রাহিম শেখ ও খাসিম শেখ। পুলিশ ধৃতদের জেরা করে আরও তথ্য পেতে চাইছে। আর কারা ঘটনার সঙ্গে জড়িত? সেই বিষয় খতিয়ে দেখছে পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল রাতে খুনের পরই নাসিম শেখ ও তাঁর পরিবার, আত্মীয়রা এলাকা ছেড়েছেন। পুলিশ তল্লাশি চালিয়ে ইব্রাহিম ও খাসিমকে পাকড়াও করে। বাকিদেরও খোঁজ চলছে। ঘটনার পর থেকে এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। অকুস্থল ঘিরে রাখা হয়েছে। এলাকাতেও পুলিশ পোস্টিং আছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।গতকাল, সোমবার রাতে সোনামুখীর চকাই এলাকায় তৃণমূল নেতাকে গুলি করে 'খুন' করা হয়।জানা গিয়েছে, এলাকায় তৃণমূলের গুরুত্বপূর্ণ নেতা হিসেবেই পরিচিত এই সেকেন্দার। এলাকার ভোটের দায়িত্বও তিনি সামলাতেন। প্রতিদিন সন্ধেবেলা এই তৃণমূল নেতা বাজার এলাকায় পরিচিত-বন্ধুবান্ধবদের সঙ্গে গল্পগুজব করতে যান। সোমবারও তিনি সেখানে গিয়েছিলেন। রাতে বাড়ি ফেরার পথে গুলি করা হয়। বাইকে করে এসে দুষ্কৃতীরা তিনটি গুলি করেছিল। ওই তৃণমূল নেতার মাথা ও পিঠে গুলি লেগেছিল। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর।

বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করে। বিভিন্ন জায়গায় চলে তল্লাশি। খুনের ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ ইব্রাহিম শেখ ও খাসিম শেখকে গ্রেপ্তার করেছে। জানা গিয়েছে, ধৃতরা সম্পর্কে ওই এলাকার প্রাক্তন বুথ সভাপতি নাসিম শেখের ছেলে। তাহলে রাজনৈতিক কারণেই খুন? সেই প্রশ্ন উঠেছে। জানা গিয়েছে, ওই এলাকায় একটি ড্রেন তৈরি নিয়ে নাসিম শেখ ও সেকেন্দার খানের মধ্যে বিবাদ দেখা দিয়েছিল কয়েক মাস আগে। সেই বিবাদ থেকেই কি এই ঘটনা? তদন্ত করে দেখছেন তদন্তকারীরা।

## কোটি টাকার চুল-সহ ট্রাক নিয়ে চম্পট, গ্রেফতার সিভিক ভলান্টিয়ার সহ ৩




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পুলিশ পরিচয় দিয়ে কোটি টাকার চুল-সহ ট্রাক হাইজ্যাক, সিভিক ভলিন্টিয়ারের গুদামে মজুদ সেই লুটের চুল। গ্রেফতার সিভিক ভলিন্টিয়ার-সহ তিন যুবক। এই চুলবোঝাই ট্রাক হাইজ্যাকের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে নদিয়ার নাকাশিপাড়া থানার সংলগ্ন ভোলাডাঙায়। জানা গিয়েছে, সিভিক ভলিন্টিয়ারের গুদাম থেকে প্রায় ১,৫০০ কেজি চুল পাওয়া গিয়েছে।ততক্ষণে ছিনতাইকারীরা চুলবোঝাই ট্রাকটি নিয়ে ভোলাডাঙা এলাকায় একটি ইটভাটার কাছে নিয়ে যায়। সেখানে গিয়ে

এরপর ৩ পাতায়

## আইবি কেন আগে থেকে খবর পাচ্ছে না?' পুলিশের উপর ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কেন এত নেতা খুন হচ্ছেন? 'আমাদের পাড়া আমাদের সমাধান' নিয়ে বৈঠকে ক্ষোভ প্রকাশ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। পুলিশ সুপার, আইসি, ওসিদের নিজেদের এলাকা দায়িত্ব সহকারে দেখার নির্দেশ। কোনও পুলিশ অফিসারের নাম না করে এই নির্দেশ মুখ্যমন্ত্রীর। গত কয়েক দিন ধরে বেশ কিছু জেলায় খুন হয়েছেন বেশ কিছু শাসক দলের নেতা।হিসাব বলছে ৩৭ দিনে রাজ্যে তৃণমূলের ১০ নেতা-কর্মী খুন। ইংরেজবাজার, ভাঙড় থেকে সুতি। লাভপুর-মল্লারপুর থেকে কোচবিহার, বারবার গুলি-বোমা। সম্প্রতি বারবার টার্গেট হয়েছেন শাসক নেতা। একাধিক জায়গায় শাসক নেতা খুনে গোষ্ঠীদ্বন্দ্বের দিকেই




আঙুল উঠেছে। গ্রেফতার হয়েছে শাসক দলের নেতা কর্মীরা। সোনামুখীতে শাসক নেতা খুনের নেপথ্যেও কি তৃণমূলের কোন্দল? চাপানউতোর চলছেই। কয়েকদিন আগেই কোন্নগরে প্রকাশ্য রাস্তায় এলোপাথাড়ি কোপ মেরে খুন করা হয় দাপুটে তৃণমূল নেতাকে। বাঁকুড়ায় আবার গত সোমবার রাত ৯টা নাগাদ পর পর গুলি করে খুন করা হয় তৃণমূলের বুথ কনভেনারকে। অন্যদিকে কোচবিহারে ভরা বাজারে গুলি করে খুন করা হয়েছে ডায়াগুড়ির পঞ্চায়েত প্রধান কুন্তলা রায়ের ছেলেকে। তা নিয়ে চাপানউতোর যখন পুরোদমে তারইমধ্যে মমতার উদ্বেগ প্রকাশ পুলিশের উপর চাপ বাড়াবে বলেই মত ওয়াকিবহাল মহলের।সেই আবহে মুখ্যমন্ত্রীর এই নির্দেশ যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মতা ওয়াকিবহাল মহলের।

মমতার সাফ কথা, থানার ভূমিকা ভাল করে দেখতে হবে। আইবি কেন আগে থেকে খবর পাচ্ছে না? প্রশ্ন মমতার। এরপরই রীতিমতো ক্ষোভের সুরে বলেন, দায়িত্ব নিয়ে বসে থাকলাম, কাজ করলাম না সেটা করলে হবে না। সূত্রের খবর, বৈঠকে উপস্থিতি ছিলেন জেলাশাসক এবং বিভিন্ন জেলার এসপি থেকে শুরু করে কমিশনারেটের সিপিরা।







(১ম পাতার পর)

# কমিশন-রাজ্য সংঘাত তুঙ্গে

ভোটারে'র খোঁজ মিলেছে রাজ্যে। প্রায় দেড় লক্ষ ভোটার কার্ড প্রশাসনের কাছে ফেরত চলে এসেছে বলে খবর। বাস্তবে কোনও অস্তিত্ব নেই, তাঁদের নাম কীভাবে ভোটার লিস্টে? বারুইপুর পূর্বের ২ ERO, ২ AERO আর একজন ডেটা এন্ট্রি অপারেটরকে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছিলেন কমিশন। চিঠি পাঠানো হয়েছিল নবান্নে, মুখ্যসচিবের কাছে। সঙ্গে fIR করারও সুপারিশও।

এদিকে কমিশনের চিঠির কোনও জবাব দেয়নি রাজ্য। এরপর ফের চিঠি আসে। সেই চিঠিতে ওই চার নির্বাচনী আধিকারিক ও ডেটা এন্ট্রি অপারেশনের বিরুদ্ধে পদক্ষেপের জন্য রীতিমতো সময়সীমা বেঁধে দেয় কমিশন। সময়সীমা ছিল সোমবার বিকেল চারটে। কিন্তু তারপরেও কমিশনের নির্দেশ মেনে পদক্ষেপ করেনি রাজ্য। বরং পাল্টা চিঠিতে জানানো হয়, ১ AERO ও ১ ডেটা এন্ট্রি অপারেটরকে ভোটের কাজ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। বাকিদের বিরুদ্ধে তদন্ত ছাড়া ব্যবস্থা নেওয়া যাবে না।

নবান্ন সূত্রে খবর, কমিশনের চিঠি পাওয়ার পর মুখ্যমন্ত্রীর সঙ্গে একপ্রস্ত বৈঠক সেরে নিয়েছেন মুখ্যসচিব। এখনও পর্যন্ত যা খবর, আগামীকাল বুধবার সকালের ফ্লাইটে দিল্লিতে যাচ্ছেন তিনি।

(২ পাতার পর)

# কোটি টাকার চুল-সহ ট্রাক নিয়ে চম্পট, গ্রেফতার সিভিক ভলান্টিয়ার সহ ৩

ট্রাক থেকে সমস্ত চুল ও ভাঙা মোবাইলের বস্তা নামিয়ে একটি ইঞ্জিন ভ্যানে চাপিয়ে নিয়ে সিভিক ভলান্টিয়ার মোসারফের গোডাউনে নিয়ে যায়। এরপর ট্রাক চালকের কাছে থেকে অভিযোগ পেয়ে তদন্তে নামে নাকাশিপাড়া থানার পুলিশ। ট্রাকে লাগানো জিপিএস ট্র্যাকারের মাধ্যমে পুলিশ জানতে পারে নাকাশিপাড়া ও ধুবুলিয়া থানার সীমান্ত ভোলাডাঙ্গায় একটি ইটভাটার কাছে ট্রাকটি দীর্ঘক্ষণ দাঁড়িয়ে ছিল। এরপর সিসিটিভি ফুটেজ খতিয়ে পুলিশ জানতে পারে এই ঘটনায় মাস্টারমাইন্ড হাসিবুল শেখ। এরপর সিভিক ভলান্টিয়ার মোসারফ হালসানার গুদামে লুট করা বিপুল পরিমাণ চুলের বস্তা উদ্ধার করে পুলিশ। এরপরই তাদের গ্রেফতার করা হয়। তবে পুলিশের ধারণা, এই ঘটনায় বড় একটি চক্র সক্রিয় রয়েছে। তাই আরও কেউ এই ঘটনায় জড়িত আছে কিনা তা পুলিশ তদন্ত শুরু করেছে।সেগুলি সবটাই লুটকৃত। বাজারে এই ১,৫০০ কেজি চুলের দাম প্রায় ১ কোটি টাকা। এই ডাকাতির ঘটনায় তিনজনকে গ্রেফতার করেছে নাকাশিপাড়া থানার পুলিশ। ধৃতরা হলেন, সিভিক ভলিন্টিয়ার মোশারফ হালসানা। জানা গিয়েছে, এই ঘটনার মাস্টারমাইন্ড হলেন হাসিবুল শেখ ও ইঞ্জিন ভ্যানের চালক চাইরুদ্দিন শেখ। পুলিশ সূত্রের খবর, গত শনিবার (৯ অগস্ট) রাত ৯টা নাগাদ হাওড়া স্টেশন থেকে ওই হাইজ্যাক হওয়া ট্রাক ছেড়েছিল। ওই ট্রাকের মধ্যে ছিল ২৯ বস্তা মানুষের মাথার চুল, আর প্রতি বস্তায় ৫০ কেজি চুল ছিল। পাশাপাশি ১৭ বস্তা ভাঙা মোবাইল ফোন ছিল। ২৯ বস্তা চুলের বাজার মূল্য প্রায় ১ কোটি টাকা। এরপর রবিবার ভোররাতে ট্রাকটি নাকাশিপাড়ার বেলডাঙ্গার দিকে আসলে একটি ছোট গাড়ি পথ ট্রাকটির পথ আটকে দাঁড়ায়। এরপর ওই ছোট গাড়িটি থেকে একজন সিভিক ভলিন্টিয়ার নেমে আসেন। এরপর পুলিশ পরিচয় দিয়ে গাড়িতে থাকা আরও ব্যক্তিরা তাঁদের গাড়িতে ট্রাক চালককে চাপিয়ে নিয়ে যায়। এরপর তাঁরা ট্রাক চালককে শান্তিপুর এলাকায় নামিয়ে দেয়। এরপর তিনি ছুটে গিয়ে মালিককে পুরো বিষয়টি জানান।

# ভেজাল ওষুধের বিক্রি বন্ধে গৃহীত পদক্ষেপসমূহ

**নয়াদিল্লি, ১২ অগাস্ট, ২০২৫**

বাজারে নিম্নমানের জাল ক্ষতিকর ওষুধের বিক্রি বন্ধ করতে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে সেন্ট্রাল ড্রাগস্ স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গ্যানাইজেশন (সিডিএসসিও) এবং কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক। এর মধ্যে রয়েছে:

১) ২০২২ সালের ডিসেম্বর মাস থেকে বিভিন্ন রাজ্য সরকারের সঙ্গে মিলিতভাবে ওষুধ প্রস্তুতকারক সংস্থা এবং পরীক্ষার সঙ্গে যুক্ত সংস্থাগুলি নিয়মিত পরিদর্শন করে চলেছে সিডিএসসিও। এ পর্যন্ত ৯০৫টি

এরপর ৫ পাতায়

# পেট্রলে ২০ শতাংশ ইথানল মিশ্রন নিয়ে উদ্বেগের উত্তর

**নতুন দিল্লি ১২ অগাস্ট ২০২৫**

পেট্রলে ২০ শতাংশ ইথানল মিশ্রন গাড়ির আয়ুষ্কাল এবং মাইলেজের ওপর কোনো ক্ষতিকারক প্রভাব ফেলে কিনা, এনিয়ে এক জাতীয় উদ্বেগের বিস্তারিত উত্তর দিয়েছে পেট্রোল এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক। ৪ অগাষ্ট এক বিস্তারিত প্রত্যুত্তরে তারা জানিয়েছে, জৈব জ্বালানী এবং প্রাকৃতিক গ্যাস ভারতের জ্বালানী ক্ষেত্রে সেতু বন্ধের কাজ করে। ২০৭০ সালের মধ্যে কার্বন নির্গমনকে শূন্যে নিয়ে আসার ক্ষেত্রে ভারত যে চুক্তি স্বাক্ষর করেছে, সেক্ষেত্রে জাতীয় দায়বদ্ধতার অঙ্গ স্বরূপ পরিবেশবান্ধব বিশ্ব গড়ে তুলতে এটি একটি নির্ভরযোগ্য বিকল্প ব্যবস্থা। এছাড়াও, গ্রামীন অর্থনীতির ক্ষেত্রেও তা এক রূপান্তরমূলক ভূমিকা পালন করে। তার কারণ, আখ চাষের এলাকাকে কমিয়ে এনে ভুট্টার চাষের জমি প্রস্তুত করলে, তা কৃষকদের আর্থিক স্বাচ্ছন্দ্য এবং জীবন ধারণের মানোন্নয়ন ঘটায়। ইথানল মিশ্রনের যে কর্মসূচি নেওয়া হয়েছে, অতীতে দেখা যেত সেই টাকা কাঁচা তেল আমদানিতে ব্যয় হতো। এখন ইথানল মিশ্রনের ফলে যে টাকা সাশ্রয় হচ্ছে, তা কৃষকদের উন্নতিকল্পে ব্যয় করা হচ্ছে। ২০১৪-১৫ থেকে শুরু করে জুলাই ২০২৫ পর্যন্ত পেট্রলে ইথানল মিশ্রনের ফলে রাষ্ট্রায়ত্ব তেল বিপনন সংস্থাগুলির বিদেশী মুদ্রা সঞ্চয় ১,৪৪,০৮৭ কোটি টাকারও বেশি। এর পাশাপাশি ২৪৫ লক্ষ মেট্রিক টন এই কাঁচা তেল আমদানি হ্রাসের অর্থ হল বাতাসে কার্বন নির্গমনের পরিমাণ প্রায় ৭৩৬ লক্ষ মেট্রিক টন কম। অর্থাৎ যা ৩০ লক্ষ কোটি বৃক্ষ রোপণের সমপরিমান ফলদায়ক।

সোসাইটি অফ ইন্ডিয়ান অটো

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### 'নাগরিকত্ব প্রমাণে যথেষ্ট নয় আধার কার্ড'

নাগরিকত্ব প্রমাণে যথেষ্ট নয় আধার কার্ড', নির্বাচন কমিশনের অবস্থানকে মান্যতা দিয়ে জানিয়ে দিল সুপ্রিম কোর্ট। 'তালিকা ত্রুটিমুক্ত করাই ভোটার তালিকায় বিশেষ সংশোধনের উদ্দেশ্য', কমিশনের অবস্থানে কার্যত সায় দিয়ে জানিয়ে দিল সুপ্রিম কোর্ট।ভোটার তালিকায় বিশেষ সংশোধনী নিয়ে স্থগিতাদেশ দিল না সুপ্রিম কোর্ট।প্রসঙ্গত, SIR যেটা হচ্ছে বিহারে, সুপ্রিম কোর্ট আজকে আবার বলেছে, যদি তারা মনে করেন যে, বেশি সংখ্যক মানুষ, যারা ভোটার, বাদ যাচ্ছে বেআইনিভাবে, সেক্ষেত্রে তাঁরা SIR এর প্রক্রিয়াটা বিহারে বন্ধ করে দেবেন। কিন্তু এখন অবধি এমন কোনও প্রমাণ তাঁদের কাছে আসেনি। নির্বাচন কমিশনের কাছে এই দাবিও তোলা হয়েছে, যে ৬৫ লাখ ভোটার বাদ গিয়েছে, কপিল সিব্বল, তাঁরা বলেন যে, সেই নামগুলি তাঁদের কাছে দেওয়া হোক।..তবে SIR এখনও চলবে বিহারে।আজকে এই কথা প্রথমে কপিল সিব্বল তোলেন। এবং বলেন, যেভাবে SIR হচ্ছে বিহারে, বিভিন্ন ডকুমেন্টসগুলিকে গ্রাহ্য করা হচ্ছে না, যার মধ্যে আধার কার্ড নেওয়া হচ্ছে না, রেশন কার্ড নেওয়া হচ্ছে না। তখনই তিনি বলেন, অনেক ভোটার রয়েছেন, তাঁরা কিন্তু নাম তুলতে পারছেন না। তখন বিচারপতি বলেন, এখন আধারের যে অ্যাক্ট রয়েছে, সেটা অনুযায়ীও কিন্তু, আধার কার্ড, নাগরিকত্বের প্রমাণ নয়। শুধু মাত্র আধারের উপর ভিত্তি করে ভোটার আইডি কার্ড হয়ে যাবে, এটাও বলা ঠিক নয়। ১১ টি ডকুমেন্ট বলেছে নির্বাচন কমিশন, কোনও ডকুমেন্টই নেই কি কারও কাছে ? শুধু আধার দিয়েই তাঁরা চাইছেন, ভোটার তালিকায় নাম তুলতে ? তিনি বলেন কি আধার অ্যাক্ট যেটা তৈরি করা হয়েছিল, যখন আধার কার্ড তৈরি করা হবে, তার আগে যে প্ল্যানিংগুলি ছিল, সেইটাতে বলা হয়েছিল, আধার কার্ড নাগরিকত্বের কোনও প্রমাণ নয়। বারবার এই প্রসঙ্গটা উঠে আসছে। এর আগের শুনানিগুলিতেও হয়েছিল, যখন সুপ্রিম কোর্ট কনসিডার করতে বলেছিল, বাকি ডকুমেন্টগুলির মধ্যে, আধারকেও কনসিডার করা হোক। তার আধারকে কনসিডার করছেন, কিন্তু তার সঙ্গে আরও কিছু ডকুমেন্টস দিতে হবে। শুধুমাত্র আধার কার্ডের উপর ভিত্তি করে তাঁরা ভোটার তালিকায় নাম তুলবেন না, এরকম একটা অবস্থান নিয়ে চলে এল নির্বাচন কমিশন। তার কারণ ছিল, অনেক জায়গায় ভুয়ো আধার কার্ড তৈরি হয়ে রয়েছে, এটা তারা নির্বাচন কমিশনের কাছে বলেছিলেন।

## জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(আঠারোতম পর্ব)



করলে তিনি তাঁর বিষদৃষ্টি হেনে চণ্ডীকে অজ্ঞান করে দেন। শেষে মনসা ও চণ্ডীর কলহে হতাশ হয়ে শিব মনসাকে পরিত্যাগ করেন। এবং মনসাকে বনবাসে দেয়া হয়। দুঃখে শিবের চোখ থেকে যে জল পড়ে সেই জলে জন্ম হয় মনসার সহচরী নেতার। পরে জরৎকারুর সঙ্গে মনসার বিবাহ হয়। কিন্তু চণ্ডী মনসার ফুলশয্যার রাতটিকে ব্যর্থ করে দেন। তিনি মনসাকে উপদেশ দিয়েছিলেন সাপের অলঙ্কার পরতে আর বাসরঘরে ব্যাঙ ছেড়ে রাখতে যাতে সাপেরা আকর্ষিত হয়ে তাঁর বাসরঘরে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## পেট্রলে ২০ শতাংশ ইথানল মিশ্রন নিয়ে উদ্বেগের উত্তর

মোবাইল ম্যানুফ্যাকচারার্স (এসআইএএম) এবং প্রথম সারির গাড়ি নির্মাণ সংস্থাগুলির সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে। এই মিশ্রনের ফলে গাড়ির জ্বালানীর দক্ষতাকে ঘিরে কোনো প্রশ্ন তাদের মধ্যে নেই।

ই-টোয়েন্টি জ্বালানীর ব্যবহার ভারতে গাড়ি বীমার বৈধতার ক্ষেত্রে কোনোরকম প্রভাব ফেলবে না।

ই-টোয়েন্টিকে ছাপিয়ে দেশ কি দ্রুত পর্যায়ে অন্য পথে হাঁটবে কিনা তা নিয়ে উদ্বেগ রয়েছে। এই নিয়ে বিস্তারিত আলাপ-আলোচনার পথ খোলা রয়েছে। গাড়ি নির্মাণ সংস্থা, তেল কোম্পানী, গবেষণা উন্নয়ন সংস্থা, ইথানল উৎপাদক সকলেই এই পর্যায়ে আলোচনায় যুক্ত রয়েছে।

চলতি পথ নির্দেশিকায় ৩১-১০-২০২৬ পর্যন্ত ই-টোয়েন্টির ক্ষেত্রে সরকারের দায়বদ্ধতা রয়েছে। এরপর, কি সিদ্ধান্ত হবে তা আন্তঃ মন্ত্রিপর্যায়ের কমিটির মূল্যায়ন ভিত্তিক রিপোর্টের ওপর নির্ভরশীল। সেক্ষেত্রে অংশীদারদের সঙ্গে আলোচনাক্রমে সরকার সুচিন্তিত সিদ্ধান্ত নেবে। তবে, সেই সিদ্ধান্ত এখনও নেওয়া হয়নি।

সর্বোপরি সরকার পরিবেশবান্ধব, আরও সুস্থায়ী জ্বালানীর সুযোগ সামনে রাখছে, যাতে করে রূপান্তর প্রক্রিয়া অনেক বেশি সহজ হয় এবং ক্রেতাদের ওপর তার ন্যূনতম প্রভাব পড়ে, তা নিশ্চিত করা সরকারের দায়িত্ব।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

৪২৩ খ্রিষ্টাব্দে গঙ্গাধর ইন্সক্রিপশনে একটি বিষ্ণু মন্দির স্থাপনা করা হয়েছে যা ডাকিনীদের দ্বারা পরিপূর্ণ এবং সেখানে আহ্বান জানানো হয়েছে মাতৃগণকে, নরেন্দ্রনাথ ভট্টাচার্য জানান (হিস্ট্রি অভ শাক্ত রিলিজিয়ন ৭০)। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অরুণাচল প্রদেশের শি ইয়োমি জেলায় ৮১৪৬.২১ কোটি টাকা ব্যয়ে ৭২ মাসের মধ্যে সমাপ্য ৭০০ মেগাওয়াট ট্যাটো ২ জলবিদ্যুৎ প্রকল্পের বিনিয়োগ প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

**নয়াদিল্লি, ১২ অগাস্ট, ২০২৫**
প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কমিটি আজ অরুণাচল প্রদেশের শি ইয়োমি জেলায় ৮১৪৬.২১ কোটি টাকা ব্যয়ে ৭০০ মেগাওয়াট ট্যাটো ২ জলবিদ্যুৎ প্রকল্পের বিনিয়োগ প্রস্তাবে অনুমোদন দিয়েছে। প্রকল্প সম্পাদনের সম্ভাব্য সময়সীমা ধরা হয়েছে ৭২ মাস।

৭০০ মেগাওয়াট (৪x ১৭৫ মেগাওয়াট) উৎপাদন ক্ষমতার এই প্রকল্প থেকে ২,৭৩৮.০৬ এমইউ বিদ্যুৎ তৈরি হবে। এতে একদিকে যেমন অরুণাচলপ্রদেশের বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতির উন্নতি হবে তেমনি জাতীয় গ্রীডে ভারসাম্য স্থাপনের ক্ষেত্রে এটি সহায়ক হবে।

অরুণাচলপ্রদেশ সরকার এবং নর্থ ইস্টার্ন ইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেডের যৌথ উদ্যোগে এই প্রকল্পটি রূপায়িত হবে। ভারত সরকার এই প্রকল্পের জন্য সড়ক, সেতু, সরবরাহ লাইন প্রভৃতি নির্মাণে ৪৫৮.৭৯ কোটি টাকা অর্থ সহায়তা করবে। এছাড়া রাজ্যের ইক্যুইটি মূলধন বাবদ ৪৩৬.১৩ কোটি টাকা কেন্দ্রীয় আর্থিক সহায়তা দেওয়া হবে।

এই প্রকল্পের সুবাদে রাজ্য ১২ শতাংশ বিদ্যুৎ বিনামূল্যে পাবে। আরও ১ শতাংশ বিদ্যুৎ পাওয়া যাবে স্থানীয় এলাকা উন্নয়ন তহবিলের বরাদ্দ বাবদ। এছাড়া এর ফলে ওই অঞ্চলের উল্লেখযোগ্য পরিকাঠামোগত ও আর্থ-সামাজিক উন্নয়ন হবে।

আত্মনির্ভর ভারত অভিযানের লক্ষ্য ও উদ্দেশ্যের সঙ্গে সাযুজ্য রেখে এই প্রকল্পে স্থানীয় সরবরাহকারী/সংস্থা/ এমএসএমই গুলিকে যুক্ত করা হবে। এর ফলে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সৃষ্টি হবে। এই প্রকল্পের সুবাদে ওই এলাকায় প্রায় ৩২.৮৮ কিলোমিটার দীর্ঘ সড়ক ও সেতু গড়ে উঠবে। জেলায় হাসপাতাল, স্কুল, বাজার, খেলার মাঠের মতো অত্যাবশ্যক পরিকাঠামোও তৈরি হবে। এজন্য প্রকল্প ব্যয়ের থেকে ২০ কোটি টাকা খরচ করা হবে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




(৩ পাতার পর)

## ভেজাল ওষুধের বিক্রি বন্ধে গৃহীত পদক্ষেপসমূহ

ইউনিট পরিদর্শন করা হয়েছে। এর মধ্যে ৬৯৪টির বিরুদ্ধে উৎপাদন বন্ধ, পরীক্ষা-নিরীক্ষা বন্ধ, লাইসেন্স বাতিল, সতর্ক বার্তা, শো-কজ নোটিশ সহ একাধিক শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে।

২) ৩০০ ধরনের ওষুধের উপর বার কোড বা কুইক রেসপন্স কোড বাধ্যতামূলক করা হয়েছে।

৩) প্রতিটি ওষুধের মোড়কের উপর চিহ্নিতকরণ কোড, ব্যাচ নম্বর, ওষুধ প্রস্তুতের তারিখ, মেয়াদ সহ বিভিন্ন তথ্য থাকা বাধ্যতামূলক। ওয়েবসাইটে https://cdsco.gov.in/opencms/opencms/en/Notifications/Gazette-Notifications) কিউআর কোড সংক্রান্ত যাবতীয় তথ্য প্রকাশ করা বাধ্যতামূলক।

৪) ড্রাগ অ্যালার্ট (www.cdsco.gov.in) শিরোনামে সিডিএসসিও-র ওয়েবসাইটে ওষুধপত্র সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাবে।

৫) ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে ওষুধ, কসমেটিক্স এবং চিকিৎসা সংক্রান্ত উপকরণের নমুনা সংগ্রহের ক্ষেত্রে কিছু বিধিনিষেধ প্রকাশ করেছে সিডিএসসিও। এর মধ্যে রয়েছে – নমুনা সংগ্রহের পরিকল্পনা, বাছাই, স্থান নির্ধারণ, সংখ্যা ও নমুনার পরিমাণ, সময়ানুবর্তিতা এবং পরীক্ষাগারগুলির ভূমিকা প্রভৃতির উল্লেখ।

৬) অভিযুক্তদের দ্রুত শাস্তির লক্ষ্যে রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে বিশেষ আদালত গঠন করা হয়েছে।

৭) গুণগতমান বজায় রাখতে কেন্দ্রীয় সরকার সিডিএসসিও এবং রাজ্য ওষুধ নিয়ন্ত্রক কর্তৃপক্ষের আধিকারিকদের জন্য বাসস্থান, প্রশিক্ষণ এবং কর্মশালার ব্যবস্থা করেছে কেন্দ্রীয় সরকার। ২০২৩-২৪ অর্থবর্ষে ২২,৮৫৪ জন কর্মীকে প্রশিক্ষণ দিয়েছে সিডিএসসিও। অন্যদিকে, ২০২৪-২৫ অর্থবর্ষে ২০ হাজার ৫৫১ জন কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

রাজ্যসভায় আজ এক প্রশ্নের লিখিত উত্তরে একথা জানিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী শ্রীমতী অনুপ্রিয়া প্যাটেল।

# ওড়িশা, পাঞ্জাব এবং অন্ধ্রপ্রদেশে ৪৬০০ কোটি টাকার সেমিকন্ডাক্টর প্রস্তুতকারী ইউনিটের অনুমোদন কেন্দ্রীয় মন্ত্রিসভার

স্টাফ রিপোর্টার, রোজদিন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশনের আওতায় আরও ৪টি সেমিকন্ডাক্টর প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। ইতিমধ্যে অনুমোদিত ৬টি প্রকল্পের কাজ রূপায়ণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। আজ অনুমোদিত এই চারটি প্রকল্প গড়ার প্রস্তাব দিয়েছিল সিকসেম, কন্টিনেন্টাল ডিভাইস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (সিডিআইএল), থ্রিডি গ্লাস সলিউশনস ইনকর্পোরেটেড এবং অ্যাডভান্সড সিস্টেম ইন প্যাকেজ (এএসআইপি) টেকনোলজিস। এই চারটি প্রকল্পে আনুমানিক বিনিয়োগ ধরা হয়েছে ৪ হাজার ৬০০ কোটি টাকা। এগুলিতে ২ হাজার ৩৪ জন দক্ষ পেশাদারের কর্মসংস্থান হবে বলে আশা করা হচ্ছে।

আজ চারটি প্রকল্প অনুমোদনের ফলে দেশে মোট সেমিকন্ডাক্টর প্রকল্পের সংখ্যা দাঁড়িয়েছে ১০। ৬টি রাজ্যের এই প্রকল্পগুলিতে বিনিয়োগ ক্রমশ বেড়ে আনুমানিক ১.৬০ লক্ষ কোটি টাকায় দাঁড়াতে পারে বলে মনে করা হচ্ছে। এই ইউনিটগুলিতে তৈরি সেমিকন্ডাক্টর ক্ষেপণাস্ত্র, প্রতিরক্ষা, বৈদ্যুতিক গাড়ি, রেল প্রভৃতি ক্ষেত্রে কাজে লাগানো হবে।

থ্রিডি গ্লাস সলিউশনস ইনকর্পোরেটেড ওড়িশার ভুবনেশ্বরে গড়ে তুলবে অত্যাধুনিক সেমিকন্ডাক্টর প্রকল্প। এই ইউনিট গড়ে উঠলে, ভারত সবচেয়ে আধুনিক প্যাকেজিং প্রযুক্তির অধিকারী হবে।

অ্যাডভান্সড সিস্টেম ইন প্যাকেজ (এএসআইপি) টেকনোলজিস অন্ধ্রপ্রদেশে সেমিকন্ডাক্টর ইউনিট স্থাপন করবে। অন্যদিকে, পাঞ্জাবের মোহালিতে কন্টিনেন্টাল ডিভাইস ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (সিডিআইএল) তাদের সেমিকন্ডাক্টর উৎপাদন ইউনিট গড়ে তুলবে। এইসব সেমিকন্ডাক্টর প্রকল্প গড়ে উঠলে, ভারত আন্তর্জাতিক মানের চিপ-এর নকশা তৈরি করতে পারবে। এর ফলে, উপকৃত হবে ২৭৮টি শিক্ষা প্রতিষ্ঠান এবং ৭২টি স্টার্টআপ। ইতিমধ্যে ৬০ হাজারেরও বেশি পড়ুয়া প্রতিভা বিকাশ কর্মসূচির আওতায় এসেছেন।

## ৫,৮০১ কোটি টাকা ব্যয়ে লক্ষ্মৌ মেট্রো রেল প্রকল্পের ১১.১৬৫ কিলোমিটার দৈর্ঘ্যের ১বি পর্যায় কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত

নতুন দিল্লি ১২ অগাস্ট ২০২৫

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা উত্তরপ্রদেশে লক্ষ্মৌ মেট্রো রেল প্রকল্পে ১১.১৬৫ কিলোমিটার দৈর্ঘ্যের ১বি পর্যায় অনুমোদন দিয়েছে। এই করিডরে ১২টি স্টেশন থাকবে। এরমধ্যে ৭টি ভূতলে। ১বি পর্যায় চালু হয়ে গেলে লক্ষ্মৌ শহর ৩৪ কিলোমিটার সক্রিয় মেট্রো রেল নেটওয়ার্কের আওতায় আসবে। লক্ষ্মৌ মেট্রো রেল প্রকল্পের এই পর্যায় শহরের পরিকাঠামো উন্নয়নকে আরও প্রসারিত করবে। এরফলে, প্রাচীন এবং ঘন বসতিপূর্ণ এই শহরের জন পরিবহনে আরও উন্নতি হবে। লক্ষ্মৌ মেট্রোর এই পর্যায়ের লক্ষ্য হল শহরের নানা বাণিজ্যিক স্থল, স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র, প্রধান পর্যটন স্থল এবং খাদ্য রসিকদের জন্য শহরের পরিচিত ও জনপ্রিয় এলাকাগুলিকে যুক্ত করা।

এরফলে, শহরে যান চলাচলে স্বাচ্ছন্দ্য আসবে। পর্যটকদের ক্ষেত্রেও তা বিশেষ সুবিধাজনক হয়ে উঠবে। সর্বোপরি মেট্রো যাত্রী পরিবহনে এক বিকল্প মাধ্যম হওয়ায় পুরোনো লক্ষ্মৌ শহরে নিয়মিত যানজট সমস্যার সমাধান হবে।

মেট্রো পরিবেশ বান্ধব পরিবহন হওয়ায় শহরের দূষণ নিবারণে তা নিঃসন্দেহে ইতিবাচক ভূমিকা পালন করবে। যাত্রীদের বিমানবন্দর, রেলস্টেশন, বাস ডিপো প্রভৃতি গন্তব্যে দ্রুত পৌঁছতে তা সাহায্য করবে।

## ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানের সূচনা ১ অক্টোবর থেকে

নতুন দিল্লি ১২ অগাস্ট ২০২৫

স্বাধীন সংস্থা হিসেবে সংবিধান দ্বারা প্রতিষ্ঠিত ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন (ইউপিএসসি)-র শতবর্ষ উদযাপনের অঙ্গ হিসেবে বর্ষ ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করছে। ১ অক্টোবর থেকে এই শতবর্ষ উদযাপন অনুষ্ঠানের সূচনা হবে। ইউপিএসসি-র চেয়ারম্যান শ্রী অজয় কুমারের পৌরোহিত্যে সাম্প্রতিক এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই উদযাপন অনুষ্ঠানের অঙ্গ হিসেবে রাষ্ট্রের সেবায় কমিশনের ভূমিকা নিয়ে একটি প্রতীকী লোগো এবং ট্যাগলাইন প্রকাশের পরিকল্পনা রয়েছে। এছাড়াও শতবর্ষে কমিশনের পক্ষ থেকে নানা নতুন উদ্যোগ এবং সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণের পরিকল্পনা রয়েছে।

অনুষ্ঠানের প্রস্তুতি উপলক্ষে শ্রী অজয় কুমার জানিয়েছেন, শতবর্ষ উদযাপনের অনুষ্ঠান সূচির তালিকা তৈরি হয়েছে। সেইসঙ্গে কর্মচারীদেরও বিভিন্ন পরামর্শ ও উপদেশ চাওয়া হচ্ছে। তিনি আরও বলেন, এই শতবর্ষ উদযাপন অনুষ্ঠান সংস্থার ঐতিহ্যের দিকে ফিরে তাকানোর এক সুযোগ। সেইসঙ্গে দেশ গঠনের কাজে শ্রেষ্ঠ মানব সম্পদকে যুক্ত করতে আরও কি জাতীয় প্রয়াস নেওয়া জরুরি, সে ব্যাপারেও চিন্তা-ভাবনারও সুযোগ রয়েছে। ইউপিএসসি-র মর্যাদাকে আগামী একশো বছরের জন্য এগিয়ে নিয়ে যেতে একটি দিশা নির্দেশ তৈরিরও এটি এক সুবর্ণ সুযোগ বলে তিনি জানিয়েছেন।

# সিনেমার খবর

## জাতীয় পুরস্কারের পরও পুরনো আক্ষেপ ভুলতে পারছেন না শাহরুখ খান

স্টাফ রিপোর্টার, রোজদিন



৩৩ বছরের অভিনয় জীবনে প্রথমবার সেরা অভিনেতার জাতীয় চলচ্চিত্র পুরস্কার জিতলেন বলিউড বাদশাহ শাহরুখ খান। ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত জওয়ান সিনেমার জন্যই এই সম্মান পেলেন তিনি। তবে পুরস্কার জয়ের আনন্দের মাঝেই কিং খান স্মরণ করলেন পুরনো আক্ষেপ—স্বদেশ ছবির জন্যই তাঁর এই স্বীকৃতি পাওয়া উচিত ছিল বলে মনে করেন তিনি।

শাহরুখ ভক্তরা যেমন আনন্দিত, তেমনি অনেকে প্রশ্ন তুলছেন—‘কাভি হা কাভি না’, স্বদেশ, চক দে ইন্ডিয়া-র মতো গুণী অভিনয়ের বদলে কেন মশালাধর্মী জওয়ান-এর জন্য জাতীয় পুরস্কার? সামাজিক যোগাযোগমাধ্যমে চলছে এ নিয়ে তুমুল আলোচনা।


২০০৫ সালে হাম তুম ছবির জন্য সেরা অভিনেতার জাতীয় পুরস্কার পেয়েছিলেন সাইফ আলি খান। সে সময় এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পরিচালক কুণাল কোহলিকে শাহরুখ জানিয়েছিলেন, “আমি সবার সিনেমা ভালোবাসি, হাম তুমও পছন্দ হয়েছে। কিন্তু মনে হয় স্বদেশ ছবির জন্য আমারও পুরস্কার পাওয়া উচিত ছিল।”

২০২৩ সাল ছিল শাহরুখের পুনর্জাগরণের বছর। একের পর এক ব্যর্থতার পর পাঠান, জওয়ান এবং ডাঙ্কি ফের ফিরিয়ে আনে ‘শাহরুখ রাজত্ব’। তবে সমালোচকদের মতে, জওয়ান মূলত বাণিজ্যিক বিনোদনধর্মী ছবি, যেখানে অভিনয়ের তুলনায় প্রযুক্তি ও গ্রাফিক্সই বেশি আকর্ষণীয়।

শাহরুখ নিজেও একসময় মনে করতেন, তাঁর সেরা জাতীয় স্বীকৃতি পাওয়ার মতো অভিনয় ছিল স্বদেশ কিংবা চক দে ইন্ডিয়া-তে। এবার পুরস্কার জয়ের পর সেই আক্ষেপ আবারও মনে করিয়ে দিলেন তিনি।

## ‘সিতারে জামিন পার’ দেখতে গিয়ে যে বৈষম্যের শিকার আইফোন ব্যবহারকারীরা

স্টাফ রিপোর্টার, রোজদিন



প্রেক্ষাগৃহে মুক্তির পর কোনো ওটিটি প্ল্যাটফর্মে নয়, বরং সরাসরি ইউটিউবে মুক্তি পেয়েছে আমির খানের নতুন সিনেমা ‘সিতারে জামিন পার’। আগেই অভিনেতা জানিয়েছিলেন, ছবিটি তিনি ইউটিউবে রিলিজ করবেন। সেই অনুযায়ী ১ আগস্ট থেকে মাত্র ১০০ রুপির বিনিময়ে অ্যান্ড্রয়েড ব্যবহারকারীরা সিনেমাটি দেখতে পাচ্ছেন।

তবে মুক্তির কিছুক্ষণের মধ্যেই দেখা যায়, অ্যাপল আইফোন ব্যবহারকারীদের সিনেমাটি দেখতে দিতে হচ্ছে ১৭৯ রুপি। বিষয়টি জানাজানি হতেই আমির খান প্রোডাকশন হাউজ একটি পোস্ট করে সবার কাছে ক্ষমা চেয়েছে।

পোস্টে লেখা হয়— “আমরা ক্ষমাপ্রার্থী। এই মুহূর্তে জানতে পেরেছি, আমাদের ছবি ‘সিতারে জামিন পার’ আইফোন ব্যবহারকারীদের ১৭৯ রুপির বিনিময়ে দেখতে হচ্ছে। যত দ্রুত সম্ভব সমস্যাটি সমাধানের চেষ্টা করছি।”

প্রযুক্তি বিশেষজ্ঞদের মতে, আইফোন অ্যাপের মাধ্যমে কেনাকাটায় অতিরিক্ত চার্জ যুক্ত হওয়ায় এই দাম বৃদ্ধি হয়ে থাকে। তাই বিষয়টি প্রোডাকশন হাউজের নিয়ন্ত্রণের বাইরে। নেটিজেনদের ধারণা, অ্যাপল ব্যবহারকারীরা চাইলে ব্রাউজার বা অন্য ডিভাইস ব্যবহার করে স্বল্পমূল্যে সিনেমাটি দেখতে পারেন।

## ‘স্বদেশ’ এর জন্যই জাতীয় পুরস্কার পাওয়া উচিত ছিল: শাহরুখ



স্টাফ রিপোর্টার, রোজদিন

৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে প্রথমবারের মতো সেরা অভিনেতার সম্মান পেলেন বলিউড সুপারস্টার শাহরুখ খান। ‘জাওয়ান’ ছবিতে দ্বৈত চরিত্রে অনবদ্য অভিনয়ের জন্য বিক্রান্ত ম্যাসির সঙ্গে যৌথভাবে এই পুরস্কার অর্জন করেন তিনি। যদিও পুরস্কারপ্রাপ্তির আনন্দের মুহূর্তে এক পুরনো আক্ষেপ ঘিরে নতুন করে আলোচনায় উঠে এসেছেন শাহরুখ।

সোশ্যাল মিডিয়ায় সম্প্রতি ভাইরাল হয়েছে কিং খানের একটি পুরনো ভিডিও, যেখানে তাঁকে বলতে শোনা যায়—‘স্বদেশ’ জন্য জাতীয় পুরস্কার পাওয়া উচিত ছিল তাঁর।

২০০৫ সালে মুক্তি পাওয়া অনুভব সিনহা পরিচালিত ‘স্বদেশ’ ছবিতে এক এনআরআই বিজ্ঞানীর চরিত্রে শাহরুখের অভিনয় প্রশংসিত হলেও, সেবার জাতীয় পুরস্কার পেয়েছিলেন সইফ আলি খান, ‘হাম তুম’ ছবির জন্য। ভাইরাল হওয়া ভিডিওটি একটি পুরনো অনুষ্ঠানের, যেখানে চলচ্চিত্র নির্মাতা কুণাল কোহলির সঙ্গে কথোপকথনের সময় শাহরুখ বলেন, “আমি খুব সাধারণ মানুষ। সব সিনেমা, সব অভিনেতা-অভিনেত্রীকে পছন্দ করি। আপনার সিনেমাও ভালো লাগে আমার। ‘ফানা’ দারুণ ছবি, ‘হাম তুম’-ও ভালো। এই ছবির জন্য অভিনেতা জাতীয় পুরস্কারও পেয়েছেন। তবে আমার মনে হয়, সেই পুরস্কারটা আমার পাওয়া উচিত ছিল ‘স্বদেশ’-এর জন্য। তবে সেটা অন্য গল্প।”

এই মন্তব্য বলার সময় হাসলেও, স্পষ্ট ছিল অভিনেতার অভিমান। অনেক সমালোচক এবং ভক্তরাও একমত যে, ‘স্বদেশ’ শাহরুখ খানের কেরিয়ারের অন্যতম সেরা ছবি, যেখানে তাঁর অভিনয় গভীরতা, সংযম ও বাস্তবতার ছাপ রেখেছিল।

সেই তুলনায় ‘হাম তুম’-এর মতো রোমান্টিক কমেডিতে সইফ আলি খানের অভিনয় প্রশংসিত হলেও, অনেকেই মনে করেন সেটি জাতীয় পুরস্কারের মতো সম্মান পাওয়ার পর্যায়ের ছিল না।

অবশেষে ২০২৩ সালে ‘জাওয়ান’-এর মাধ্যমে জাতীয় স্বীকৃতি পেলেন শাহরুখ। যদিও ২০ বছর আগে ‘স্বদেশ’-এর জন্য যে স্বপ্ন তিনি দেখেছিলেন, তার ছায়া এখনও রয়ে গেছে অভিনেতার মনে।

# ভিলিয়ার্স এখনো আইপিএলের অনেকের চেয়ে ভালো : স্টেইন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ অব লিজেন্ডস টুর্নামেন্টের সর্বোচ্চ রান সংগ্রাহক এবি ডি ভিলিয়ার্স।সাবেক ক্রিকেটারদের এই টুর্নামেন্টে মাত্র ৫ ম্যাচে ১৪৩ গড়ে ভিলিয়ার্স করেছেন ৪২৯ রান। তার ধারে কাছেও নেই কেউ। ৪১ বছর বয়সেও তার অতিমানবীয় ব্যাটিংয়ের ধার কমেনি। বার্মিংহামে অনুষ্ঠিত ফাইনালে পাকিস্তান চ্যাম্পিয়ন্সের বিপক্ষে ৬০ বলে অপরাজিত ১২০ রানের বিস্ফোরক ইনিংস খেলেন সাউথ আফ্রিকার তারকা ব্যাটার। আর তাতেই ৯ উইকেটের বড় ব্যবধানের জয়ে টুর্নামেন্টের শিরোপা ঘরে তুলেছে সাউথ আফ্রিকা। এই ম্যাচে ১৯৬ রান তাড়া করতে নেমে এবি খেলেন তার পরিচিত ৩৬০ ডিগ্রি স্ট্রোকের ঝড় তুলেছিলেন, মেরেছিলেন ১৮টি বাউন্ডারি (১০ চার ও ৮ ছক্কা)। তার সঙ্গে দারুণ এক জুটি গড়েন জেপি ডুমিনি। দুজনে ১২৫ রান যোগ করেছেন দ্বিতীয় উইকেট জুটিতে। ভিলিইয়ার্সের শুরুটা হয়েছিল ইংল্যান্ডের বিপক্ষে ৫১ বলে ১১৬ রান তুলে নিয়ে।

এরপর অস্ট্রেলিয়ার বিপক্ষে ৪৬ বলে ১২৩ রানের আরেকটি ইনিংস খেলেন তিনি। এমন ফর্মের পর তাকে নিয়ে মুখ খুলেছেন সাউথ আফ্রিকার আরেক সাবেক ক্রিকেটার ডেল স্টেইন। সাবেক এই প্রোটিয়া পেসার মনে করেন বর্তমানে আইপিএল ও আন্তর্জাতিক ক্রিকেটে খেলা অর্ধেক ক্রিকেটারের চেয়ে ভালো ভিলিয়ার্স।

নিজের এক হ্যান্ডেলে (সাবেক টুইটার) তিনি লিখেছেন, এবি (ডি ভিলিয়ার্স) এখনও আইপিএলের অর্ধেক আন্তর্জাতিক খেলোয়াড়ের চেয়েও ভালো। মনে রাখবেন, আইপিএল কিন্তু সবচেয়ে কঠিন টি-টোয়েন্টি টুর্নামেন্ট। ভিলিয়ার্সের এই ফর্ম নিশ্চিতভাবেই আক্ষেপ তৈরি করবে তার ভক্তদের মনে। আইপিএলে ১৭০ ম্যাচে ৫ হাজার ১৬২ রান করেছেন ভিলিয়ার্স। গড় ৩৯.৭ আর স্ট্রাইক রেট ১৫১.৬—যা এখনকার অনেক তারকার চেয়েও ভালো।

## ২৯ বছরেই অবসরের ভাবনায় এক সময়ের বিস্ময়বালক ডেলে আলি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টটেনহ্যামে থাকাকালে ডেলে আলির প্রতিভায় মোহিত ছিল ইংল্যান্ডসহ গোটা ফুটবল দুনিয়া। গোল স্কোরিং দক্ষতার জন্য যেকোনো সময় ম্যাচের ভাগ্য পাল্টে দিতে পারতেন তিনি। তাকে থাকাতে প্রতিপক্ষ দলগুলোকে তাই বাড়তি পরিকল্পনা সাজাতে হতো। মাঠে ডেলে আলি এতটাই দুর্দান্ত ছিলেন যে, তাকে দলে টানতে বার্সেলোনাকে পরামর্শ দিয়েছেন খোদ সর্বকালের অন্যতম সেরা তারকা লিওনেল মেসি। ভাবা যায়! সেই ডেলে আলিই কিনা ফুটবলকে বিদায় বলে দেওয়ার কথা ভাবছেন মাত্র ২৯ বছর বয়সে।

ইতালিয়ান সংবাদমাধ্যম লা গেজেত্তা দেল্লো স্পোর্ত জানিয়েছে, কোমোর প্রথম দল থেকে বাদ পড়ার পর এখন তার ভবিষ্যৎ ঝুলে রয়েছে। কোচ সেস্ক ফ্যাব্রেগাসের পরিকল্পনা থেকে বাদ পড়ায় তাকে দল থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

ছয় মাস আগে ফ্রি ট্রান্সফারে এভারটন ছেড়ে কোমোতে যোগ দেন ২৯ বছর বয়সী ডেলে আলী। ইতালিয়ান ক্লাবটির সঙ্গে ১৮ মাসের চুক্তি করেন তিনি, যার মেয়াদ শেষ হবে আগামী বছর।

ইংল্যান্ডে চোট ও ছন্দপতনের কঠিন সময় পেরিয়ে ইতালিতে এসে এটা যেন ছিল তার জন্য নতুন শুরু। কিন্তু বাস্তবে সেই প্রত্যাশা পূরণ হয়নি।

## না ফেরার দেশে মিশরীয় গোলরক্ষক

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



মাত্র ৩৬ বছর বয়সে পৃথিবীর মায়া ত্যাগ করলেন মিশরের পেশাদার গোলরক্ষক মোহামেদ আবু-নাগা, যিনি 'বোঁগা' নামেই বেশি পরিচিত ছিলেন। শনিবার (২ আগস্ট) মিশরীয় ফুটবল অ্যাসোসিয়েশন সামাজিক যোগাযোগমাধ্যমে তার মৃত্যুর খবর জানিয়ে গভীর শোক প্রকাশ করেছে।

বেশ কিছুদিন ধরেই লিভারজনিত জটিলতায় ভুগছিলেন আবু-নাগা। গ্যাস্ট্রোইনটেস্টাইনাল সমস্যার পাশাপাশি লিভারের অবনতি হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তার জন্ডিস ধরা পড়ে। অবস্থার সাময়িক উন্নতি হলেও শুক্রবার (১ আগস্ট) ফের অবনতি হলে তাকে আইসিইউতে নেওয়া হয়। শনিবার সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই গোলরক্ষক।

আবু-নাগা ছিলেন মিশরের ক্লাব ওয়াদি দেগলার গুরুত্বপূর্ণ সদস্য। চার বছর পর ক্লাবটি দেশটির শীর্ষ লিগে ফিরে আসে, যেখানে বড় ভূমিকা ছিল তার। গত মৌসুমে ওয়াদি দেগলার হয়ে তিনি খেলেছিলেন ২৯টি ম্যাচ। তার ধারাবাহিক পারফরম্যান্সের পুরস্কার হিসেবে গত ফেব্রুয়ারিতে আফ্রিকান নেশন্স চ্যাম্পিয়নশিপের বাছাইপর্বে মিশর জাতীয় দলে ডাক পান কোচ ওয়ালেদ রিয়াদের কাছ থেকে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR